

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২২২

অমরপুর, ২৩ এপ্রিল, ২০২৬

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের জাতীয় গুণমান নিশ্চিতকরণ  
মানের শংসাপত্র অর্জন করলো গোমতী জেলা হাসপাতাল

গোমতী জেলা হাসপাতাল ভারত সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের জাতীয় গুণমান নিশ্চিতকরণ মান বা এন.কিউ.এ.এস.-এর শংসাপত্র অর্জন করেছে। আজ গোমতী জেলা হাসপাতালের মেডিক্যাল সুপারের অফিসে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এই তথ্য জানানো হয়। সাংবাদিক সম্মেলনে জানানো হয় হাসপাতালের ১৪টি বিভাগের মূল্যায়ন করা হয়। এতে সামগ্রিক স্কোর এসেছে ৯৭.০৯ শতাংশ। এই স্কোর রাজ্যের বিভিন্ন হাসপাতালগুলির মধ্যে সর্বোচ্চ। জাতীয় গুণমান নিশ্চিতকরণ মানে হাসপাতালের জরুরি বিভাগ ৯৮.৬৫ শতাংশ, শিশু বহির্বিভাগ ৯৮.১৪ শতাংশ, ক্লিনিক্যাল সার্ভিসেস বিভাগ ৯৮.০৫ শতাংশ স্কোর অর্জন করেছে। এই সাফল্য ত্রিপুরা স্বাস্থ্য পরিষেবার ক্ষেত্রে এক উজ্জ্বল মাইলফলক। সাংবাদিক সম্মেলনে আরও জানানো হয়, গোমতী জেলা হাসপাতাল পরিষেবা গুণমান ও ঝুঁকি ব্যবস্থাপনায় ১০০ শতাংশ, সংক্রমণ নিয়ন্ত্রণে ৯৭.৭৭ শতাংশ নজরকাড়া সাফল্য অর্জন করেছে। সাংবাদিক সম্মেলনে গোমতী জেলার জেলাশাসক রিংকু লাথের, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. কমল রিয়াং, গোমতী জেলা হাসপাতালের মেডিক্যাল সুপার ডা. কাজল কুমার দাস প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*